

(একই তারিখ ও স্মারকের ডুপ্লিভিসিঙ্ক)

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯।

www.caab.gov.bd

নথি নং ৩০.৩১.০০০০.৩০৩.০১৮.১৮ (অংশ-২)/১৭৫০

তারিখ: ১৩-০৫-২০২০ খ্রিঃ।

অফিস আদেশ

বিষয়: কর্মচারীগণের অনুকূলে অধিকাল ভাতা পরিশোধ প্রসঙ্গে।

সূত্র : সিএএবি/ইষ্টাব/এম-২১২/২০১২ (অংশ-২)/১৮৬৫, তারিখ : ১৬-০৯-২০১৫ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, COVID-19 ভাইরাস বিশ্বব্যাপী এক মহামারী আকার ধারণ করায় বাংলাদেশেও এর বিস্তার ব্যাপকভাবে পরিলক্ষিত হচ্ছে। ভাইরাস সংক্রমন রোধকল্পে মার্চ ২০২০ হতে দেশের সকল বিমান বন্দরে অভ্যন্তরীণ আন্তর্জাতিক ও উভয় ক্ষেত্রে সিডিউল ফ্লাইট পরিচালনা বন্ধ রয়েছে। তবে, আকাশ পথে বহির্বিদেশের সাথে দেশের যোগাযোগ অব্যাহত রাখার লক্ষ্যে নন-সিডিউল ফ্লাইট চলাচল নিরবচ্ছিন্ন রাখার নিমিত্ত দেশের বিমান বন্দর সমূহের অপারেশনাল কার্যক্রম পরিচালনা অব্যাহত রয়েছে। এ কার্যক্রম পরিচালনায় সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীগণ তাদের দায়িত্ব পালন করে যাচ্ছেন।

COVID-19 ভাইরাস প্রাদুর্ভাবের কারণে বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের রাজস্ব আয় ব্যাপকহারে হ্রাস পেয়েছে। উদ্ধৃত পরিস্থিতিতে কর্তৃপক্ষের রাজস্ব ও উন্নয়ন ব্যয় নির্বাহে সংশ্লিষ্ট সকল কর্মকর্তা/কর্মচারীগণ কর্তৃক সাশ্রয়ী ভূমিকা পালন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

বর্তমান পরিস্থিতিতে কর্মচারীগণের অতিরিক্ত দায়িত্ব পালনের জন্য অধিকাল ভাতা প্রাপ্য হবেন। তবে, সাপ্তাহিক ও সরকারি ছুটির দিন ব্যতীত অন্যান্য দিন ইমার্জেন্সী অপারেশনাল কার্যক্রম হিসেবে গণ্য হবে। ইমার্জেন্সী অপারেশনাল কার্যক্রমের আওতায় অতিরিক্ত দায়িত্ব পালনের জন্য সাধারণ হারে অধিকাল ভাতা প্রাপ্য হবে। এক্ষেত্রে সূত্রোক্ত ১৬-০৯-২০১৫ তারিখের স্মারকের 'গ'-তে বর্ণিত ১ ½ গুন হারে অধিকাল ভাতা শুধুমাত্র ২০২০ খ্রিষ্টীয় বছরের সরকারি বর্ষপঞ্জীতে উল্লিখিত সাপ্তাহিক ছুটি ও সরকারি ছুটির ক্ষেত্রে প্রযোজ্য হবে।

উপর্যুক্ত নির্দেশনা মোতাবেক এপ্রিল ২০২০ মাস হতে শুধুমাত্র ইমার্জেন্সী অপারেশনাল ও নন-অপারেশনাল কার্যক্রমে দায়িত্ব পালনকারী কর্মচারীগণ কর্তৃক বাস্তব ভিত্তিক দায়িত্ব পালনের স্বপক্ষে ইউনিট প্রধানগণের প্রত্যয়নসহ অধিকাল ভাতার তহবিল চাহিদা সংযুক্ত ছকে হিসাব ও অর্থ বিভাগ, সিএএবি সদর দপ্তরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।


(মোহাম্মদ মোয়াজ্জেম হোসেন)

পরিচালক (অর্থ)

সদর দপ্তর, সিএএবি, ঢাকা।

বিতরণ :

- ১। পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর সিএএবি, কুর্মিটোলা, ঢাকা।
- ২। পরিচালক (সেমসু), সিএএবি, কুর্মিটোলা, ঢাকা।
- ৩। অধ্যক্ষ, সিএটিসি, সিএএবি, কুর্মিটোলা, ঢাকা।
- ৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সিভিল সার্কেল/ই/এম সার্কেল, পিএন্ডডি/কিউএস সার্কেল, সিএএবি, ঢাকা।
- ৫। বিমান বন্দর ব্যবস্থাপক, শাহআমানত আন্তঃবিমান বন্দর, চট্টগ্রাম/ওসমানী আন্তঃ বিমানবন্দর, সিলেট/কক্স-বাজার/যশোর/সৈয়দপুর/শাহমখদুম বিমান বন্দর, রাজশাহী/বরিশাল/ঈশ্বরদী/কুমিল্লা বিমান বন্দর।
- ৬। নির্বাহী প্রকৌশলী, সিভিল ডিভিশন-১, ২ ও ৩/ই/এম বিভাগ-১, ২ ও ৩ সিএএবি, কুর্মিটোলা, ঢাকা।
- ৭। সহকারী পরিচালক (সকভত) চঃ দাঃ, সদর দপ্তর, সিএএবি, কুর্মিটোলা, ঢাকা।
- ৮। বাজেট ও রাজস্ব শাখা/পেনশন ও জিপিএফ শাখা, সদর দপ্তর, সিএএবি, কুর্মিটোলা, ঢাকা।

অনুলিপি :

- ১। সদস্য (পরিচালনা ও পরিকল্পনা), সিএএবি সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
- ২। সদস্য (প্রশাসন), সিএএবি সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
- ৩। সদস্য (অর্থ), সিএএবি সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
- ৪। পরিচালক (প্রশাসন), সিএএবি সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
- ৫। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
- ৬। গার্ড ফাইল।



বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯।

www.caab.gov.bd

বিষয়: অধিকাল ভাতার তহবিল চাহিদা প্রসঙ্গে।

এই মর্মে প্রত্যয়ন করা যাচ্ছে যে, অত্র.....ইউনিটের
কর্মচারীগণ কর্তৃক মাসে সম্পাদিত অধিকাল ভাতার পরিমাণ নিম্নরূপঃ

ক্রমিক নং	কর্মচারীগণের নাম	মূল বেতন	সম্পাদিত ওভারটাইম ঘন্টা	অনুমোদিত মোট ওভারটাইম ঘন্টা	ঘন্টা প্রতি হার	মোট পরিমাণ
১	২	৩	৪	৫	৬	৭
১।						
২।						
৩।						
৪।						
৫।						
মোট =						

এমতাবস্থায়, বর্ণিত কর্মচারীগণেরমাসের অধিকালভাতা বাবদ
টাকার তহবিল ছাড়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

বিমান বন্দর ব্যবস্থাপক/ইউনিট প্রধান

পরিচালক (অর্থ)

বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

সদর দপ্তর, কুর্মিটোলা,

ঢাকা।